# উপজেলা পরিষদ
## গোয়াইনঘাট, সিলেট।

শেখ হাসিনার মূলনীতি
- গ্রাম শহরের উন্নতি

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটির মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোছাঃ আফিয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
তারিখ ঃ ২১/০৭/২০২১খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা প্রশাসনিক সম্মেলন কক্ষ

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচী মোতাবেক বক্তব্য উপস্থাপনের জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিবকে অনুরোধ জানান।

আলোচনা-১। গোয়াইনঘাট-লেঙ্গুড়া সেচ প্রকল্পের পাকা ড্রেন নির্মাণ ঃ

সভায় সদস্য সচিব সভাকে জানান, রবি মৌসুমে বোরো ফসলের পানির সদ্ব্যবহার করার লক্ষ্যে গোয়াইনঘাট-লেঙ্গুড়া সেচ প্রকল্পের পাকা ড্রেন নির্মাণ অত্যাবশ্যক। তাই লেঙ্গুড়া উত্তর পার্শ্ব হতে বাইপাশ সিএনজি ষ্ট্যান্ড পর্যন্ত ৫০০মিঃ দৈর্ঘ্য ড্রেন নির্মাণ করলে বোরো ফসলে পানির সমহারে আবাদকৃত জমিতে ব্যবহার করা যাবে। উক্ত বিষয়ে কমিটির উপস্থিত সকল সদস্যবৃন্দ ড্রেন নির্মাণের প্রয়োজনীয়তা সম্পর্কে আলাপ আলোচনা করে একই মত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ লেঙ্গুড়া উত্তর পার্শ্ব হতে বাইপাশ সিএনজি ষ্ট্যান্ড পর্যন্ত ৫০০মিঃ দৈর্ঘ্য ড্রেন নির্মাণ করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলেচনা-২। আমন মৌসুমে বন্যা সহনশীল জাতের (ব্রি-ধান-৫১ ও ব্রি-ধান-৫২) নতুন করে ৩০টি গ্রামে বিতরণ ঃ

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, আমন মৌসুমে বন্যা সহনশীল জাতের (ব্রি-ধান-৫১ ও ব্রি-ধান-৫২) নতুন করে ৩০টি গ্রামে বিতরণ করার ব্যাপারে আলাপ আলোচনা করেন। উক্ত আলোচনাকে কেন্দ্র করে সভাপতি জানান, বিগত বছর বন্যা সহনশীল জাতের বীজধান উপজেলা পরিষদ থেকে ৯টি গ্রামে বিতরণ করার পেক্ষাপটে কৃষকরা বেশ উপকৃত হয়েছেন। এরই আলোকে এ বছর ৩০টি গ্রামে বন্যা সহনশীল জাতের বীজ প্রদান করলে কৃষকরা বেশ লাভবান হবেন। তাই আগামী আমন মৌসুমে বন্যা সহনশীল জাতের বীজ ক্রয় বাবদ টা= ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ টাকা) মাত্র উপজেলা পরিষদ থেকে প্রদান করলে ৫৫০ জন কৃষকের মাঝে অনুদানে বিতরণ করা যাবে। উপস্থিত সদস্যবৃন্দ উক্ত বিষয়ে একই মত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ বন্যা সহনশীল জাতের বীজ ক্রয় বাবদ টা= ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ টাকা) মাত্র বরাদ্দ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
২। উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট।
৩। অফিস কপি।

২১/০৭/২১
মোছাঃ আফিয়া বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি
গোয়াইনঘাট,সিলেট।

প্রকৃতি কন্যা সিলেট

# উপজেলা পরিষদ
## গোয়াইনঘাট, সিলেট।

মুজিব শতবর্ষ

| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
|---|

উপজেলা "কৃষি ও সেচ সংক্রান্ত" স্থায়ী কমিটি সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোছাঃ আফিয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।

| | |
|---|---|
| তারিখ | ঃ ১৪/০৯/২০২১ খ্রিঃ |
| সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ উপজেলা প্রশাসনিক সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | ঃ পরিশিষ্ট ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উপজেলা কৃষি ও সেচ উন্নয়ন সংক্রান্ত কমিটির বিভিন্ন দিক তুলে ধরেন এবং সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।

**প্রস্তাব** ঃ ০১। সদস্য সচিব সভাকে জানান, আগামী রবি মৌসুমে লেঙ্গুড়া ইউনিয়নের পতিত জমিতে সরিষা আবাদ করার লক্ষে জমিতে সেচ দেওয়ার জন্য ০৫টি স্থানে LLP পাইপ স্থাপন করার ব্যাপারে পর্যাপ্ত বরাদ্দ প্রদানের জন্য উপজেলা পরিষদে প্রস্তাব প্রেরণের বিষয়ে আলোচনা হয়। আমাদের চাষীরা দারিদ্র সীমার নিচে বসবাস করার কারণে তাদের অর্থের যোগান একে বারেই সল্প ও খাদ্যাভাব প্রাই লেগে থাকে। তাই প্রাথমিক ভাবে সেচ ব্যবস্থার জন্য এল এল পি পাইপ স্থাপন করলে সীমিত হলেও খাদ্যাভাব দূরীকরণ সম্ভব হবে। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ ০১। অনাবাদী জমি চাষের আওতায় নিয়ে আসার জন্য উপজেলা কোর কমিটি কর্তৃক সুপারিশকৃত ০১ কিউসেক এলএলপি পাম্প ও কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ বিতরণের জন্য উপজেলা পরিষদে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ ০২। অনাবাদী জমি চাষের আওতায় নিয়ে আসার জন্য লেঙ্গুড়া ইউনিয়নকে প্রকল্পের আওতায় নিয়ে আসার জন্য উপজেলা কোর কমিটির কাছে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৪/০৯/২১

(মোছাঃ আফিয়া বেগম)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি
গোয়াইনঘাট, সিলেট।

# উপজেলা পরিষদ
# গোয়াইনঘাট, সিলেট।

শেখ হাসিনার মূলনীতি
- গ্রাম শহরের উন্নতি

উপজেলা "কৃষি ও সেচ সংক্রান্ত" স্থায়ী কমিটি সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোছাঃ আফিয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
তারিখ ঃ ১০/১১/২০২১খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা প্রশাসনিক সম্মেলন কক্ষ
উপস্থিতি ঃ পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উপজেলা কৃষি ও সেচ উন্নয়ন বীজ তলার পরিচর্যা সংক্রান্ত স্থায়ী কমিটির বিভিন্ন দিক তুলে ধরেন এবং
সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।

**প্রস্তাব** ঃ ০১। উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান, বোরো ধান আবাদ করার লক্ষে বিভিন্ন চাষীরা বর্তমানে বীজ তলা স্থাপন করছেন। তৈরীকৃত বীজ তলায় ৪৫০ হেক্টর বোরো আবাদের ফলে উর্বরাকৃত ভূমি হওয়ার কারণে প্রায় ৬০০ হেক্টর ভূমির পরিমান ফসল উৎপাদন সম্ভব হবে। যা আমাদের দেশের বর্গাচাষীদের জন্য মৌলিক চাহিদা পূরণে গুরুত্ব পূর্ণভূমিকা পালন করবে। আমাদের চাষকৃত জমি বোরো চাষের আওতায় নিয়ে-আসতে পারলে বন্যা ও অন্যান্য প্রাকৃতিক দূর্যোগ থেকে ফসল অনেকটা রক্ষা পাবে। এবং আর্থিক দিক থেকে ও আমাদের চাষীরা কম ক্ষতি গ্রস্থ হবে।

**সিদ্ধান্ত** ঃ ০২। সভাপতি মহোদয় সকল সদস্য ও সদস্য সচিব সকলকে এই রকম চাষ পদ্ধতির আওতায় নিয়ে আসার জন্য প্রয়োজনী যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করণের ব্যবস্থা করার জন্য সকলের অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
২। উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট।
৩। অফিস কপি।

(মোছাঃ আফিয়া বেগম)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি
গোয়াইনঘাট, সিলেট।

উপজেলা পরিষদ

গোয়াইনঘাট, সিলেট।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা "কৃষি ও সেচ সংক্রান্ত" কমিটির সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ মোছাঃ আফিয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট। |
| সভার স্থান | ঃ সভাপতি মহোদয়ের কার্যালয়, গোয়াইনঘাট। |
| সভার তারিখ | ঃ ১০/০১/২০২২ |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট -ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উপজেলা কৃষি ও সেচ উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির বিভিন্ন দিক তুলে ধরেন এবং সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।

**প্রস্তাব** ঃ ০১। সদস্য সচিব সভাকে জানান, বন্যা ক্ষতিগ্রস্থ এলাকায় উদ্ভোদ্ধ করণের মাধ্যমে বিভিন্ন জাতের রোপা আমন বীজ তলা স্থাপন করা হয়েছে মোট ১৩০ হেক্টর। গত বছরের বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের কাছে বিতরণকৃত চারা হতে সংরক্ষিত বীজ এ বছর বন্যা আক্রান্ত আলীর গাঁও, রুস্তমপুর ও নন্দির গাঁও ইউনিয়নের মধ্যে মোট ৫০ জনকে বিতরণ করা হয়। বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের মধ্যে চারা বিতরণের লক্ষে উপজেলা কৃষি অফিস হতে রুস্তমপর, নন্দীর গাঁও, ডৌবাড়ী ও তোয়াকুল ইউনিয়নে মোট ০৩ বিঘা বীজ তলা স্থাপন করা হয়েছে।

**সিদ্ধান্ত** ঃ ০২। সভাপতি মহোদয় সকল সদস্য ও সদস্য সচিব একযোগে প্রস্থাব করে উপজেলা বন্যাকবলিত এলাকা সুষ্ঠ মনিটরিং এ রাখার অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১০/১/২২

(মোছাঃ আফিয়া বেগম)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি
গোয়াইনঘাট, সিলেট

# উপজেলা পরিষদ
# গোয়াইনঘাট, সিলেট।

শেখ হাসিনার মূলনীতি
- গ্রাম শহরের উন্নতি

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটির মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোছাঃ আফিয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।

তারিখ ঃ ১০/০৩/২০২২খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা প্রশাসনিক সম্মেলন কক্ষ

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচী মোতাবেক বক্তব্য উপস্থাপনের জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিবকে অনুরোধ জানান।

আলোচনা-১। গোয়াইনঘাট-লেঙ্গুড়া সেচ প্রকল্পের পাকা ড্রেন নির্মাণ ঃ

সভায় সদস্য সচিব সভাকে জানান, রবি মৌসুমে বোরো ফসলের পানির সদ্ব্যবহার করার লক্ষ্যে গোয়াইনঘাট-লেঙ্গুড়া সেচ প্রকল্পের পাকা ড্রেন নির্মাণ অত্যাবশ্যক। তাই লেঙ্গুড়া উত্তর পার্শ্ব হতে বাইপাশ সিএনজি ষ্ট্যান্ড পর্যন্ত ৫০০মিঃ দৈর্ঘ্য ড্রেন নির্মাণ করলে বোরো ফসলে পানির সমহারে আবাদকৃত জমিতে ব্যবহার করা যাবে। উক্ত বিষয়ে কমিটির উপস্থিত সকল সদস্যবৃন্দ ড্রেন নির্মাণের প্রয়োজনীয়তা সম্পর্কে আলাপ আলোচনা করে একই মত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ লেঙ্গুড়া উত্তর পার্শ্ব হতে বাইপাশ সিএনজি ষ্ট্যান্ড পর্যন্ত ৫০০মিঃ দৈর্ঘ্য ড্রেন নির্মাণ করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-২। আমন মৌসুমে বন্যা সহনশীল জাতের (ব্রি-ধান-৫১ ও ব্রি-ধান-৫২) নতুন করে ৩০টি গ্রামে বিতরণ ঃ

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, আমন মৌসুমে বন্যা সহনশীল জাতের (ব্রি-ধান-৫১ ও ব্রি-ধান-৫২) নতুন করে ৩০টি গ্রামে বিতরণ করার ব্যাপারে আলাপ আলোচনা করেন। উক্ত আলোচনাকে কেন্দ্র করে সভাপতি জানান, বিগত বছর বন্যা সহনশীল জাতের বীজধান উপজেলা পরিষদ থেকে ৯টি গ্রামে বিতরণ করার পেক্ষাপটে কৃষকরা বেশ উপকৃত হয়েছেন। এরই আলোকে এ বছর ৩০টি গ্রামে বন্যা সহনশীল জাতের বীজ প্রদান করলে কৃষকরা বেশ লাভবান হবেন। তাই আগামী আমন মৌসুমে বন্যা সহনশীল জাতের বীজ ক্রয় বাবদ টা= ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ টাকা) মাত্র উপজেলা পরিষদ থেকে প্রদান করলে ৫৫০ জন কৃষকের মাঝে অনুদানে বিতরণ করা যাবে। উপস্থিত সদস্যবৃন্দ উক্ত বিষয়ে একই মত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ বন্যা সহনশীল জাতের বীজ ক্রয় বাবদ টা= ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ টাকা) মাত্র বরাদ্দ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
২। উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট।
৩। অফিস কপি।

১০/০৩/২২

মোছাঃ আফিয়া বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি
গোয়াইনঘাট,সিলেট।

## উপজেলা পরিষদ
## গোয়াইনঘাট, সিলেট।

প্রকৃতি কন্যা সিলেট

মুজিব শতবর্ষ

শেখ হাসিনার মূলনীতি
-গ্রাম শহরের উন্নতি

উপজেলা "কৃষি ও সেচ সংক্রান্ত" স্থায়ী কমিটি সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোছাঃ আফিয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।

| | |
|---|---|
| তারিখ | ঃ ০৪/০৫/২০২২খ্রিঃ |
| সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ উপজেলা প্রশাসনিক সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | ঃ পরিশিষ্ট ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উপজেলা কৃষি ও সেচ উন্নয়ন বীজ তলার পরিচর্যা সংক্রান্ত স্থায়ী কমিটির বিভিন্ন দিক তুলে ধরেন এবং সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।

**প্রস্তাব** ঃ ০১। উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান, বোরো ধান আবাদ করার লক্ষে বিভিন্ন চাষীরা বর্তমানে বীজ তলা স্থাপন করছেন। তৈরীকৃত বীজ তলায় ৪৫০ হেক্টর বোরো আবাদের ফলে উর্বরাকৃত ভূমি হওয়ার কারণে প্রায় ৬০০ হেক্টর ভূমির পরিমান ফসল উৎপাদন সম্ভব হবে। যা আমাদের দেশের বর্গাচাষীদের জন্য মৌলিক চাহিদা পূরণে গুরুত্ব পূর্ণভূমিকা পালন করবে। আমাদের চাষকৃত জমি বোরো চাষের আওতায় নিয়ে আসতে পারলে বন্যা ও অন্যান্য প্রাকৃতিক দূর্যোগ থেকে ফসল অনেকটা রক্ষা পাবে। এবং আর্থিক দিক থেকে ও আমাদের চাষীরা কম ক্ষতি গ্রস্থ হবে।

**সিদ্ধান্ত** ঃ ০২। সভাপতি মহোদয় সকল সদস্য ও সদস্য সচিব সকলকে এই রকম চাষ পদ্ধতির আওতায় নিয়ে আসার জন্য প্রয়োজনী যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করণের ব্যবস্থা করার জন্য সকলের অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
২। উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট।
৩। অফিস কপি।

(স্বাক্ষর) ০৪/০৫/২২

(মোছাঃ আফিয়া বেগম)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি
গোয়াইনঘাট, সিলেট।